দৈনিক বাংলা

তারিখ ... 13 AUG 1990 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... ৬ ...

28

ছাত্র হোস্টেল পরিদর্শন

# সরকার ও উপজাতীয়দের মধ্যে যোগাযোগ বেড়েছে ঃ এরশাদ

প্রেসিডেন্ট এরশাদ গতকাল মোহাম্মদপুরে উপজাতীয় ছাত্রদের হোস্টেল পরিদর্শন করেন। হোস্টেলে অবস্থানকারী ছাত্রদের সুযোগ-সুবিধা প্রত্যক্ষ করার জন্য তিনি সেখানে যান।

পার্বত্য চট্টগ্রামের উপজাতীয় ছাত্রদের জন্য ঢাকায় একটি স্থায়ী (৫-এর পৃঃ দ্রঃ)

## সরকার ও উপজাতীয়দের

(প্রথম পৃঃ পর)

হোস্টেল নির্মাণের সম্ভাব্যতা পরীক্ষা করার জন্য প্রেসিডেন্ট পূর্ত মন্ত্রণালয়কে নির্দেশ দেন।

বর্তমান হোস্টেলটি একটি পরিত্যক্ত বাড়ীতে অবস্থিত। ১৯৮৪ সাল থেকে উপজাতীয় ছাত্র এবং বেশ কিছু উপজাতীয় চাকুরে সেখানে অবস্থান করছেন। খবর বাসসর।

উপজাতীয় ছাত্রদের সঙ্গে কথা বলার সময় প্রেসিডেন্ট এরশাদ বলেন, বিশেষ বিষয়ক মন্ত্রণালয় প্রতিষ্ঠা করায় সরকার ও উপজাতীয় জনগণের মধ্যে যোগাযোগ বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন, তাদের সমস্যা সমাধানের জন্য সবকিছু করা হবে। প্রেসিডেন্ট বলেন, উপজাতীয় ছাত্রদের সুবিধার জন্য সরকার বেশ কিছু ব্যবস্থা গ্রহণ করেছেন।

হোস্টেলে পৌঁছলে উপজাতীয় ছাত্ররা প্রেসিডেন্টকে উষ্ণ অভ্যর্থনা জানায়। ছাত্ররা তাকে পুষ্পমাল্যে ভূষিত করে।

প্রেসিডেন্ট এরশাদ উল্লেখ করেন যে, পার্বত্য চট্টগ্রামের উপজাতীয় ছাত্রদের জন্য ঢাকায় একটি স্থায়ী হোস্টেল নির্মাণের সম্ভাব্যতা পরীক্ষা করা হবে। এ প্রসঙ্গে তিনি বলেন, ইতিমধ্যেই গারোদের জন্য এ ধরনের একটি হোস্টেলের ব্যাপারে ব্যবস্থা নেয়াহয়েছে।

প্রেসিডেন্ট হোস্টেলটি ঘুরে দেখেন। পূর্তমন্ত্রী মোস্তফা জামাল হায়দার এবং প্রেসিডেন্টের এনজিও বিষয়ক উপদেষ্টা মাইকেল সুশীল অধিকারী প্রেসিডেন্টের সঙ্গে ছিলেন।